

SAGARDIGHI KAMADA KINKAR SMRITI MAHAVIDYALAYA



Sagardighi ✨ Murshidabad ✨ Pin. - 742226 ✨ West Bengal

NOTICE No.- 101/21

Date: 20/09/2021

দ্বিতীয় সেমিস্টারের পরীক্ষাসংক্রান্ত বিজ্ঞপ্তি ২০২১


এতদ্বারা সাগরদীঘি কে. কে. এস. মহাবিদ্যালয়ের B.A. / B.Sc. দ্বিতীয় সেমিস্টার অনার্স ও প্রোগ্রাম কোর্সের সমস্ত ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী করোনা ভাইরাসের সংক্রামণ থেকে মুক্ত থাকার জন্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুসারে দ্বিতীয় সেমিস্টারের পরীক্ষা **BLENDED MODE** ✨ পদ্ধতিতে **Honours 21th September, 2021 to 22nd September, 2021** এবং **Programme Course 23rd September, 2021 to 24th September, 2021** পর্যন্ত চলবে। পরীক্ষা পদ্ধতি বা পরীক্ষার রেজাল্ট এ কেউ সন্তুষ্ট না হলে বিশ্ববিদ্যালয়কে লিখিত জানাতে হবে এবং করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে বিশ্ববিদ্যালয় তাদের জন্য অফলাইনে পরীক্ষার ব্যবস্থা করবে। পরীক্ষা শেষে যে ইমেইল আইডি বা হোয়াটসঅ্যাপে উত্তরপত্র পাঠাতে হবে তা পরবর্তী বিজ্ঞপ্তিতে বিস্তারিত জানানো হবে।

পরীক্ষা সংক্রান্ত কয়েকটি তথ্য জেনে রাখা একান্ত প্রয়োজন তা হলো :

১. প্রত্যেক ছাত্র-ছাত্রীর কাছে নিজের রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও এডমিট কার্ড থাকা বাঞ্ছনীয় কারণ পরীক্ষার সময় উত্তরপত্রে তা লিখতে হবে। পরীক্ষার সূচি, এডমিট কার্ড সংক্রান্ত তথ্য কলেজ/ ইউনিভারসিটির ওয়েবসাইটে পাওয়া যাবে। পরীক্ষা শুরুর **৩০ মিনিট** আগে ইউনিভারসিটি (<https://www.klyuniv.ac.in/>) ও কলেজের ওয়েবসাইটে (<http://www.skksm.org/>) কোয়েশচন পেপার / অ্যাসাইমেন্টস দেওয়া হবে।
২. কিছু বিশেষ ক্ষেত্রেই ছাত্র-ছাত্রীরা নিজে বা অনুমোদিত প্রতিনিধি মারফত পরীক্ষা শুরুর **৩০ মিনিট** আগে কলেজ থেকে প্রশ্ন পত্র সংগ্রহ করতে পারবে।
৩. **A4** সাইজ কাগজের একদিকে উত্তর লিখে পরীক্ষা শেষের **৩০ মিনিটের** মধ্যে স্ক্যান করে ইমেইল আইডি বা হোয়াটসঅ্যাপে (e-mail ID or WhatsApp no. পরে জানানো হবে) প্রেরণ করতে হবে।
৪. উত্তরপত্রের প্রতি পাতার উপরে নিজের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও প্রত্যেক পাতার সিরিয়াল নম্বর উল্লেখ করতে হবে।
৫. কোন কারণে অনলাইনে উত্তরপত্র আপলোড করতে অসুবিধার সম্মুখীন হলে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত সময়সীমার মধ্যে সিল করা খামে উত্তরপত্র নিজে বা অনুমোদিত প্রতিনিধি কলেজে জমা দিয়ে যেতে পারে। তবে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে অনলাইন পদ্ধতি অবলম্বন করাই ভালো।
৬. ছাত্র-ছাত্রীদের অবশ্যই নিজস্ব শব্দ (own words) প্রয়োগ করে উত্তরপত্র লিখতে পরামর্শ দেওয়া হচ্ছে। কোনভাবেই উত্তরপত্র লেখার সময় বই থেকে নকল করা যেন না হয়।
৭. উত্তরপত্র প্রেরণের সময় অবশ্যই মনে রাখতে হবে তা যেন কোনভাবেই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বেঁধে দেওয়া সময় অতিক্রম না করে। নির্ধারিত সময়ের পরে প্রেরণ করা উত্তরপত্র কোনভাবেই বৈধ বলে গ্রাহ্য হবে না।

বিশেষ দৃষ্টব্য : বিশ্ববিদ্যালয়ের নির্দেশে উপরের উল্লিখিত কোন বিষয় পরিবর্তন হতে পারে এবং তা যথাযথ সময়ে বিজ্ঞপ্তি করা হবে।

✨ **BLENDED MODE** : কোয়েশচন অনলাইন থেকে ডাউনলোড করে নিতে হবে, তারপর পরীক্ষা অফলাইনে দিতে হবে। পরীক্ষা দেওয়ার পর উত্তরপত্র স্ক্যান করে অনলাইনে পাঠাতে হবে।


সাগরদীঘি কে. কে. এস. মহাবিদ্যালয়
সাগরদীঘি :: মুর্শিদাবাদ